# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 20.09.2024** **Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর –

১) হাসপাতালগুলিতে নিরাপত্তা সুনিশ্চিত ও পরিষেবা সুষ্ঠু করতে ১০ দফা সরকারী নির্দেশিকা জারি হওয়ার পর আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনরত জুনিয়ার চিকিৎসকরা কর্ম বিরতি আংশিক তুলে নিচ্ছেন। আগামীকাল জরুরী বিভাগে কাজে যোগ দেবেন তারা।

আজ স্বাস্থ্য ভবন থেকে সিজিও কমপ্লেক্স পর্যন্ত মিছিলের ডাক দিয়েছে ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট।

২) রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির জন্য মুখ্যমন্ত্রী ডিভিসি-কে দায়ী করলেও জলশক্তি মন্ত্রক জানিয়েছে, নিজে থেকে বাড়তি জল ছাড়ার সিদ্ধান্ত নেয় না ডিভিসি।

৩) মুখ্যমন্ত্রীর নির্দেশের পরই রাজ্যের সঙ্গে ঝাড়খন্ডের সীমানা সিল করে দেওয়া হয়েছে।

৪)) বিশ্ব বাংলা মেলা প্রাঙ্গণে আজ শুরু হচ্ছে প্রথম বেঙ্গল শপিং ফেস্টিভ্যাল।

৫) কলকাতা প্রিমিয়া লীগ ফুটবলে সুপার সিক্স পর্বের ম্যাচে আজ ইস্টবেঙ্গল ও মহামেডান স্পোর্টিং মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর কান্ডের প্রতিবাদে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের দাবি মেনে নিয়ে সমস্ত সরকারি হাসপাতাল ও মেডিক্যাল কলেজে নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করার জন্য রাজ্য সরকার দশ দফা নির্দেশিকা জারি করার পরই কর্মবিরতি আংশিক প্রত্যাহারের সিদ্ধান্ত নিল ওয়েস্ট বেঙ্গল জুনিয়র ডক্টরর্স ফ্রন্ট। ৪২ দিন পর আগামীকাল জরুরী বিভাগে কাজে ফিরবেন তাঁরা। সল্টলেকে স্বাস্থ্য ভবনের কাছে ধর্না মঞ্চ তুলে নেওয়া হচ্ছে। তবে অভয়া ন্যায় বিচার না পাওয়া পর্যন্ত আন্দোলন চলবে। সুপ্রিম কোর্টে চলবে আইনী লড়াই। ফ্রন্টের তরফে গতরাতে অনিকেত মাহাতো সাংবাদিকদের জানান, আর জি করের চিকিৎসক পড়ুয়ার ধর্ষণ খুনের সিবিআই তদন্তে দ্রুত কিনারার দাবিতে আজ স্বাস্থ্য ভবন থেকে সিজিও কমপ্লেক্স পর্যন্ত মিছিল হবে। রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির প্রেক্ষিতে আজ থেকেই প্লাবিত এলাকাগুলিতে অভয়া ক্লিনিক শুরু করবেন তাঁরা।

বাইট / অনিকেত

রাজ্য সরকারের নির্দেশিকা এবং পুলিশ কমিশনার, স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্য শিক্ষা অধিকর্তার অপসারণকে গণআন্দোলনের জয় বলে মনে করছেন ফ্রন্টের আর এক মুখ দেবাশিস হালদার। তবে, ন্যায় বিচারের জন্য আন্দোলন চলবে।

বাইট / দেবাশিস

মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল স্বাস্থ্য ও পরিবার কল্যান দপ্তরের প্রধান সচিবকে চিঠি লিখে হাসপাতালগুলিতে সুরক্ষা ও সুষ্ঠু পরিষেবা সুনিশ্চিত করতে দশ দফা নির্দেশিকার কথা জানান। সব মেডিক্যাল কলেজ হাসপাতালে অন ডিউটি রুম, ওয়াশ রুম, সিসিটিভি এবং পানীয় জলের ব্যবস্থা করতে বলেছেন তিনি। হাসপাতালগুলির নিরাপত্তার অডিট করবেন প্রাক্তন ডিজিপি সুরজিত কর পুরকায়স্থ। অভ্যন্তরীণ অভিযোগ কমিটি সহ হাসপাতালগুলির সব কমিটিকে পুরোপুরি কার্যকর করতে হবে। মোতায়েন করতে হবে পর্যাপ্ত সংখ্যক পুলিশ ও নিরাপত্তা কর্মী। স্বাস্থ্য কর্মীদের সুরক্ষায় কেন্দ্রীয় রেফারেল হেল্পলাইন চালু করতে হবে। থাকতে হবে প্যানিক বাটন অ্যালার্ম ব্যবস্থা। যত দ্রুত সম্ভব কেন্দ্রীয় স্তরে রেফারেল ব্যবস্থা ও প্রকৃতপক্ষে কত বেড ফাঁকা আছে, কেন্দ্রীয়ভাবে নজরদারিতে সেই তথ্য দেবার ব্যবস্থা চালু করার নির্দেশও দেওয়া হয়েছে। বলা হয়েছে, চিকিৎসক, নার্স সহ বিভিন্ন শূন্য পদ দ্রুত পূরণ করতে ব্যবস্থা নিতে হবে। সব পক্ষের অভিযোগের দ্রুত নিষ্পত্তির জন্য গড়ে তুলতে হবে শক্তপোক্ত ব্যবস্থা।

সমস্ত নির্দেশিকা অবিলম্বে কার্যকর করতে এবং সেই কাজের অগ্রগতি সম্পর্কে রাজ্যস্তরের টাস্ক ফোর্সকে অবহিত করতে বলেছেন মুখ্য সচিব।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আর জি কর ধর্ষণ খুনের তদন্তে এবার সন্দীপ ঘোষের কথিত থ্রেট সিন্ডিকেটের সদস্য হিসেবে পরিচিত হাউস স্টাফ আশিস পান্ডেকে জেরা করলো সিবিআই। সিজিও কমপ্লেক্স থেকে গতকাল রাত পৌনে দশটা নাগাদ বেরোনোর সময় সাংবাদিকদের কোনও প্রশ্নের জবাব দেন নি তিনি। জানা গেছে, যে দিন সকালে হাসপাতালের সেমিনার হলে চিকিৎসক ছাত্রীর দেহ উদ্ধার হয়েছিল, সেই ৯ ই আগস্ট সল্টলেকের একটি গেস্ট হাউসে উঠেছিলেন আশিস। গেস্ট হাউজটির এক কর্মচারীও রেজিস্টার সহ কিছু নথি নিয়ে সিবিআইয়ের দপ্তরে যান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নদীয়ার কল্যাণী কলেজ অফ মেডিসিন এন্ড জেএনএম হাসপাতালে হুমকি সংস্কৃতির সঙ্গে জড়িয়ে থাকা ৩৯ জনের মতো ডাক্তার পড়ুয়াকে ৬ মাসের জন্য সাসপেন্ড করা হয়েছে। তাদের বিরুদ্ধে ওঠা অভিযোগ নিয়ে শুরু হয়েছে তদন্ত। কলেজের অধ্যক্ষ মণিদীপ পাল জানিয়েছেন, কাউন্সিলের সভায় থ্রেট কালচারে অভিযুক্তদের ৬ মাসের জন্য সাসপেন্ড করার সিদ্ধান্ত নেওয়া হয়। পাশাপশি কলেজের স্টুডেন্ট ওয়েলফেয়ার কমিটিও ভেঙে দেওয়া হয়েছে। এদিকে, সন্দীপ ঘোষের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত, থ্রেট কালচারে বহু চর্চিত নাম অভিক দে'র সঙ্গে ২০২৩ এ এক অনুষ্ঠানে মালদা মেডিক্যাল কলেজের এম এস ভি পি প্রসেনজিৎ বরের এক মঞ্চে থাকার ছবি সহ পোস্টার পড়েছে হাসপাতাল জুড়ে। যেখানে দেখা যাচ্ছে সুপারের উপস্থিতিতে অভিক দে চিকিৎসকদের হাতে ডিগ্রি তুলে দিচ্ছেন। সুপারের ঘরের সামনেও লাগানো হয়েছে পোস্টারটি। আন্দোলনকারী চিকিৎসকদের বক্তব্য, মালদা মেডিকেল কলেজ হাসপাতালেও রয়েছে থ্রেট কালচার। তাই অবিলম্বে অভিক দে-র উপস্থিতি নিয়ে কর্তৃপক্ষকে জবাবদিহি করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে ভুয়ো নিয়োগপত্র নিয়ে কাজে যোগ দিতে এসে দুজন গ্রেপ্তার হওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। আরজিকর কান্ডের প্রতিবাদে এবং বহুচর্চিত উত্তরবঙ্গ লবি নিয়ে উত্তাল পরিস্থিতির মধ্যেই মুস্তাক আলি ও ইমরান আলি নামে উত্তর দিনাজপুরের রায়গঞ্জের বাসিন্দা ঐ দুজন, ওয়ার্ড বয়ের নিয়োগ পত্র নিয়ে গতকাল হাসপাতালে হাজির হয়।খবর পেয়ে দুজনকে গ্রেপ্তার করে পুলিশ।

oooooooooooooooooooo

ডিভিসি-র ছাড়া জলে বন্যা পরিস্থিতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর তীব্র উষ্মা প্রকাশের প্রেক্ষিতে জলশক্তি মন্ত্রক স্পষ্ট জানিয়েছে, ভারী বৃষ্টির সময় দামোদর ভ্যালি কর্পোরেশন নিজে থেকে বাড়তি জল ছাড়ার ব্যাপারে কোন সিদ্ধান্ত নেয় না। ডিভিসি-র জলধার নিয়ন্ত্রণ কমিটির পরামর্শ মতোই জল ছাড়া হয়। সেই কমিটিতে রয়েছেন, পশ্চিমবঙ্গ ও ঝাড়খন্ড সরকার এবং ডিভিসি-র প্রতিনিধি ছাড়াও কেন্দ্রীয় জল কমিশনের সদস্য সচিব।

তেনুঘাট বাঁধ, যেখান থেকে বিপুল পরিমাণ জল ছাড়ার ফলে সমস্যা দেখা দিয়েছে বলে অভিযোগ, সেটা ডিভিসি-র নয়, ঝাড়খন্ড সরকারের অধীনে বলেও জানিয়েছে মন্ত্রক।

উল্লেখ্য, পুরশুড়া ও ঘাটালের পর গতকাল পাঁশকুরা ও উদয়নারায়নপুরে প্লাবন পরিস্থিতি ঘুরে দেখার সময়েও মুখ্যমন্ত্রী বলেন, যে পরিমাণ জল এবার জলাধারগুলি থেকে ছাড়া হয়েছে, তা’ আগে কখনো হয়নি। এর প্রতিবাদে DVC-র সঙ্গে সম্পর্ক ছিন্ন করার এবং ঝাড়খন্ডের সঙ্গে রাজ্যের সীমানা তিনদিন বন্ধ রাখার কথাও ঘোষণা করেন তিনি।

(বাইট – মমতা)

oooooooooooooooooooooo

রাজ্যে ভয়াবহ বন্যা পরিস্থিতির জন্য ডিভিসির মাত্রাতিরিক্ত জল ছাড়াকে দায়ী করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ডিভিসির সঙ্গে সম্পর্ক ছিন্ন করার হুঁশিয়ারি দিলেও জল ছাড়া বন্ধ হয়নি। তবে সংস্থার তরফে বিবৃতি দিয়ে, প্রায় ২০ হাজার কিউসেক জল কম ছাড়া হবে বলে জানানো হয়েছে। গতকাল সকালে মাইথন এবং পাঞ্চেত জলাধার থেকে মোট ৮০ হাজার কিউসেক জল ছাড়ার কথা বলা হলেও পরে জানানো হয়, ৬০ হাজার কিউসেক জল ছাড়া হবে।

এদিকে বন্যা পরিস্থিতির জন্য ক্ষুব্ধ মুখ্যমন্ত্রীর নির্দেশে তিনদিনের জন্য সিল করে দেওয়া হলো বাংলা ঝাড়খণ্ড সীমানা। পশ্চিম বর্ধমানের কুলটি থানার অন্তর্গত বাংলা ঝাড়খণ্ড সীমান্তে **১৯** নম্বর জাতীয় সড়কের ডুবুরডিহি চেকপোস্টে ঝাড়খণ্ড থেকে বাংলায় আসা সমস্ত পণ্যবাহী যান ঘুরিয়ে দেওয়া হচ্ছে। এর ফলে ব্যাপক সমস্যায় পড়েছেন ট্রাক চালকরা।

অন্যদিকে মুখ্যমন্ত্রীর দাবীকে সমর্থন জানিয়ে রাজ্যের জলসম্পদ মন্ত্রী মানস ভুইঁয়াও বলেছেন, এই প্লাবন ম্যান মেড। শ্রী ভুইঁয়া গতকাল বিকেলে মন্ত্রী অরূপ বিশ্বাস, সিদ্দিকুল্লা চৌধুরী ও স্বপন দেবনাথ এবং বিধায়ক, জেলাশাসক, পুলিশ সুপার সহ আধিকারিকদের সঙ্গে জেলার বন্যা পরিস্থিতি নিয়ে বৈঠক করেন। জেলাশাসকের দপ্তরে বৈঠক শেষে মানস ভুইঁয়া বলেন, ডিভিসি ৩ লক্ষ ৫০ হাজার কিউসেক হারে জল ছেড়েছে। মুখ্যমন্ত্রী বার বার ডিভিসির সঙ্গে কথা বলেছেন, ঝাড়খন্ডের মুখ্যমন্ত্রীর সঙ্গেও তাঁর কথা হয়েছে। কেন্দ্রকে  চিঠি দিয়ে জানানো হয়েছে। তা সত্বেও রাজ্যকে না জানিয়ে জল ছাড়া হয়েছে। ফলে উৎসবের মুখে বাংলার **১১** টি জেলার মানুষ বিপন্ন। পূর্ব বর্ধমানে সবচেয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে জামালপুর ব্লক। এছাড়াও, রায়না,  খন্ডঘোষ ও গলসির বিভিন্ন এলাকার মানুষ ক্ষতিগ্রস্ত হয়েছেন। রাজ্য সরকার তাদের পাশে আছেন। সব রকম সহযোগিতা করা হবে।

oooooooooooooooooooooo

হাওড়ার উদয়নারায়নপুর এলাকার বন্যা পরিস্থিতি গতকাল ঘুরে দেখেন রাজ্যের পুর ও নগর উন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুরসভার মেয়র ফিরহাদ হাকিম। সঙ্গে ছিলেন মন্ত্রী পুলক রায়।

সাংবাদিকদের প্রশ্নের জবাবে ফিরহাদ হাকিম বলেন, DVC র জলাধারগুলির জল ধারণ ক্ষমতা ব্যাপক হ্রাস পেয়েছে। ফলে মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে। কেন্দ্রের  সরকার নানাভাবে রাজ্যের সঙ্গে অসহযোগিতা করে চলেছে। বাংলাকে তার ন্যায্য পাওনা দিচ্ছে না বলেও  অভিযোগ করেন তিনি।

oooooooooooooooooooooo

প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল গতকাল পূর্ব মেদিনীপুরের পাঁশকুড়ায় বন্যাকবলিত এলাকায় গিয়ে দুর্গত মানুষজনের হাতে ত্রাণ সামগ্রী তুলে দেন। দলে ছিলেন প্রদেশ কংগ্রেসের রাজ্য সাধারণ সম্পাদক আশুতোষ চ্যাটার্জি ,পূর্ব মেদিনীপুর জেলা কংগ্রেস কমিটির সভাপতি মানস কর মহাপাত্র প্রমুখ। আশুতোষ বলেন, আর্ত মানুষ পর্যাপ্ত সরকারি ত্রাণ পাচ্ছেন না। অনেক জায়গায় পানীয় জলের সংকট তৈরি হয়েছে। DVC র জল ছাড়া নিয়ে কেন্দ্র রাজ্য চাপান উতরের সমালোচনা করে তিনি বলেন, ঘাটাল মাস্টার প্ল্যান কত দূর এগোলো মানুষ তা জানতে চায়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ব বাংলা মেলা প্রাঙ্গণে আজ শুরু হচ্ছে প্রথম বেঙ্গল শপিং ফেস্টিভ্যাল। চলবে ২৪ তারিখ পর্যন্ত। সংযুক্ত আরব আমিরশাহী, নেপাল, ভুটান, মায়ানমার-সহ বিভিন্ন দেশ এই উৎসবে অংশগ্রহণ করছে। নামী-দামী ব্র্যান্ডের পণ্যের পাশাপাশি বাংলার জিআই-স্বীকৃতিপ্রাপ্ত ২৭টি পণ্যও থাকছে কেনাকাটার এই উৎসবে। মুখ্যমন্ত্রীর প্রধান অর্থনৈতিক উপদেষ্টা অমিত মিত্র, অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য সহ রাজ্য মন্ত্রিসভার একাধিক সদস্য এবং বণিক সভার প্রতিনিধিরা আজ উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। জামাকাপড়, ইলেকট্রনিক্স, আসবাবপত্র, গৃহসজ্জা, ভোগ্যপণ্য, হস্তশিল্প, ফ্যাশন, ইলেকট্রনিক্স, গাড়ি, গয়না, খেলাধুলার জিনিসপত্র ইত্যাদি পাওয়া যাবে। ফুড ফেস্টিভ্যাল, গানের ইভেন্টও থাকবে। মানুষের আগ্রহ বাড়াতে জিনিসপত্রে বিশেষ ছাড়ের ব্যবস্থা থাকছে। স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের হাতে তৈরি জিনিসও পাওয়া যাবে ফেস্টিভ্যালে। এ প্রসঙ্গে রাজ্যের শিল্প মন্ত্রী শশী পাঁজা বলেন, দুবাই বা স্পেনের কেনাকাটার উৎসবকে সামনে রেখেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। এর মূল লক্ষ্য রাজ্যের পণ্য এবং খুচরো ব্যবসার প্রসার।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের সুপার সিক্স পর্বের ম্যাচে আজ ইস্টবেঙ্গল, মহামেডান স্পোর্টিং এর বিরুদ্ধে খেলবে। নৈহাটি ষ্টেডিয়ামে খেলা শুরু হবে বিকেল

তিনটেয়। ইস্টবেঙ্গল ১৪ ম্যাচে ৪০ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবলের শীর্ষে রয়েছে। একই সংখ্যক ম্যাচে মহামেডান স্পোর্টিং এর পয়েন্ট ২২ ।

oooooooooooooooooooo

oooooooooooooooooooo